আলোচ্য সূচী: বঙ্গাবন্ধু ছাত্রবৃত্তি ২০১৬ (৫ম পর্যায়) এর তালিকা অনুমোদন

ক) বঙ্গাবন্ধু ছাত্রবৃত্তি নীতিমালা ২০১২ অনুযায়ী ৫ বছর পর্যন্ত প্রথম পর্যায়ে (নভেম্বর ২০১৩ হতে ) ৫৯৮ জনকে, দ্বিতীয় পর্যায়ে (নভেম্বর ২০১৪ হতে) ৩৭৯ জনকে, তৃতীয় পর্যায়ে (জুলাই ২০১৫ হতে) ৭৪৩ জনকে এবং চতুর্থ পর্যায়ে (জুলাই ২০১৬ হতে ৫৮৭ জন সর্বমোট ২৩০৭ জন ছাত্র/ছাত্রীকে (স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষায় অধ্যয়নরত) বঙ্গাবন্ধু ছাত্র বৃত্তি প্রদান করা হচ্ছে। এই নীতিমালার আওতায় ৫ম পর্যায়ে ৬০০ জনকে বৃত্তি প্রদানের লক্ষ্যে গত ০৪-০৫-২০১৭ খ্রিঃ তারিখে ২টি জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এছাড়াও ব্যাপক প্রচার ও ফরম বিতরণের জন্য মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ওয়েব সাইটসহ সকল জেলা প্রশাসক ও মুক্তিযোদ্ধা জেলা কমান্ড এর নিকট বিজ্ঞপ্তি ও ফরম প্রেরণ করা হয়। এছাড়া সরকারি-বেসরকারি টিভি চ্যানেলের স্ক্রলবারে তথ্য প্রচার করা হয়। দরখাস্ত দাখিলের সময় সীমা ০৪-০৬-২০১৭ তারিখ নির্ধারিত ছিল। উক্ত সময়সীমায় মোট ৯৫৩টি দরখাস্ত/আবেদন পাওয়া যায়। প্রাথমিক বাছাইয়ে ২০৩টি আবেদনপত্র বাতিল হয়। অবশিষ্ট ৭৫০টি আবেদন পত্র প্রাথমিকভাবে তালিকাভুক্ত করা হয়। নীতিমালা অনুযায়ী আবেদনগুলি যাচাই-বাছাইয়ের জন্য ২৭-১১-২০১৬ খ্রিঃ তারিখ ও ২৮-১২-২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় উপস্থাপন করা হয়। তালিকাভুক্ত ৭৫০ টি আবেদনপত্রের উপজেলা কোটায় ৩২৯ টি এবং জাতীয় মেধা কোটায় ২৭২টি সর্বমোট (৩২৯ + ২৭২) = ৬০১ টি আবেদনপত্রের খসড়া তালিকা চূড়ান্ত করা হয়। বঙ্গাবন্ধু ছাত্রবৃত্তি নীতিমালা ২০১২এর অনুচ্ছেদ ১০.২.২ অনুযায়ী অতিরিক্ত ০১(এক) জন আবেদনকারী একই জিপিএ প্রাপ্ত হওয়ায় তাকেও তালিকাভুক্ত করা হয়। যাচাই-বাছাইকৃত মোট ৬০১ জন ছাত্র-ছাত্রীর মধ্যে সাধারণ শিক্ষায় অধ্যায়নরত ৫২৬ জনের প্রত্যেককে প্রতিমাসে ১০০০/- টাকা করে এবং মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং এ অধ্যায়নরত (১৬ + ৫৯)= ৭৫ জনের প্রত্যেককে প্রতিমাসে ১৫০০/-টাকা করে ১ জুলাই ২০১৭ তারিখ থেকে পরবর্তী পাঁচ বছরের জন্য বঙ্গাবন্ধু ছাত্রবৃত্তি প্রদান করতে হবে।

বঙ্গাবন্ধু ছাত্র বৃত্তি নীতিমালা ২০১২ এর ১০.২.৭ অনুযায়ী তালিকা নির্বাহী কমিটির সভায় অনুমোদনক্রমে চুড়ান্ত তালিকা হিসাবে প্রকাশ করার বিধান রাখা হয়েছে। বঙ্গাবন্ধু ছাত্র বৃত্তি নীতিমালা ২০১২ এর ১০.২.৭ এর বিধান অনুযায়ী নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করা হয়েছে।

উচ্চ শিক্ষার জন্য ৫ বৎসর পর্যন্ত এই বৃত্তি প্রদান করা হবে। ৬০১ জনের মধ্যে সাধারণ শিক্ষায় অধ্যয়নরত ৫২৬ জনের প্রতিজনকে মাসিক ১০০০/- টাকা এবং মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং-এ অধ্যয়নরত ৭৫ জনের (মেডিক্যাল ১৬ জন + ইঞ্জিনিয়ারিং-এ ৫৯ জন) প্রতিজনকে মাসিক ১৫০০/- টাকা করে বৃত্তি প্রদান করা হবে।

প্রস্তাবিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মুক্তিযোদ্ধার সন্তান ও তার পরবর্তী প্রজন্ম উচ্চ শিক্ষা গ্রহণের ক্ষেত্রে উপকৃত হবে। এ কারণে এ বিষয়টি নির্বাহী কমিটির_সভায় অনুমোদন দান করা যেতে পারে।

খ) বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি নীতিমালা ২০১২ এর ৭.৩ অনুচেছদের আলোকে পি.এইচ.ডি প্রোগ্রামে গবেষণারত ছাত্রদেরকে বৃত্তি প্রদাণের সিদ্ধান্ত গ্রহন করা হয়। এ কারণে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গত ৯/০১/১৬ খ্রি. তারিখে একটি MOU স্বাক্ষরিত হয়। উক্ত MOU এর আলোকে ঢাকা বিশ্ববিদ্যালয় বৃত্তি প্রদানের শর্তাবলী স্থির করে। তদানুযায়ী ট্রাস্টী বোর্ডের সিদ্ধান্তের আলোকে নিম্ন বর্ণিত ২(দুই) জন গবেষককে পিএইচডি ছাত্রবৃত্তি প্রদানের জন্য নির্বাচিত করা হয়।

| ক্র: নং | গবেষকের নাম, বিভাগ ও রেজিস্ট্রেশন নম্বর | গবেষকের চাকুরী সংক্রান্ত তথ্যাবলী | গবেষণার শিরোনাম | রেজিস্ট্রেশনের মেয়াদ |
|---|---|---|---|---|
| ১. | মোঃ আব্দুর রহিম (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | সহযোগী অধ্যাপক ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢা.বি | পূর্ববাংলার আর্থ-সামাজিক জীবন ও মুক্তিযুদ্ধ ( ১৯৪৭-১৯৮১) | ২৬/০৮/২০১৪ থেকে ২৫/০৮/২০১৮ |
| ২. | মোশাররফ হোসেন (ইতিহাস) রেজি: ১৪১/২০১৬-২০১৭ | চাকুরীরত নয় | বাংলাদেশের মুক্তিযুদ্ধে কুটনিতিকদের ভূমিকা | ২৮/০৮/২০১৭ থেকে ২৭/০৮/২০২১ |

বর্ণিত গবেষকগণের প্রত্যেককে মাসিক ২০,০০০/- টাকা হারে তিন বছব পর্যন্ত বৃত্তি প্রদান করা হবে। এছাড়া প্রত্যেককে থিসিস পেপার ছাপানোর জন্য মোট ৩৫,০০০/-(পঁয়ত্রিশ হাজার) টাকা প্রদান করা হবে।

গবেষনায় বিষয়টি মুক্তিযুদ্ধের সাথে সম্পৃক্ত হওয়ার কারণে নির্বাহী কমিটি অনুমোদন করতে পারে।

৫৮

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
'স্বাধীনতা ভবন'
৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
www.bffwt.gov.bd

৪৮.০১.০০০০.৪১৫.০০.০০৮.১৬/ ৮৮৪৭ তারিখ ঃ ৩১/০৮/২০১৭ খ্রিঃ।

কোষাধ্যক্ষ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা।

**বিষয় ঃ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের অর্থায়নে বঙ্গবন্ধু পিএইচডি বৃত্তি কার্যক্রম বাস্তবায়ন।**

সূত্র ঃ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট পত্র নং-৪৮ ০১.০০০০.৪১৫.০০.০০৮.১৬/৩৫১৯, তারিখঃ ২২/০১/২০১৭ খ্রিঃ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের উদ্যোগে এবং অর্থায়নে ''বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি নীতিমালা-২০১২'' এর ৭.৩ উপানুচ্ছেদ অনুসারে Board of Trustees এর সিদ্ধান্তের প্রেক্ষিতে মুক্তিযুদ্ধ সম্পর্কে পিএইচডি প্রোগ্রাম চালু করার একটি কার্যক্রম গ্রহণ করা হয়। এ সম্পর্কে ০৯/০১/২০১৬ তারিখে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মধ্যে একটি Memorandum of Understanding (MOU) স্বাক্ষরিত হয়। Memorandum-এ প্রধানতঃ বর্ণিত প্রোগ্রাম বাস্তবায়নে ট্রাস্ট এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দায়িত্বগুলো নির্ধারণ করা হয়; যেমন, ট্রাস্টকে প্রয়োজনীয় Fund প্রদান এবং দিক নির্দেশনা প্রদান, সংশ্লিষ্ট কাগজপত্র/দলিল দস্তাবেজ প্রদান এবং একজন Contact Person নিয়োগ প্রদান ইত্যাদি। অপর পক্ষে বিশ্ববিদ্যালয়কে ছাত্র-ছাত্রী বাছাই হতে শুরু করে কার্যক্রমটি বাস্তবায়নে যাবতীয় দায়িত্ব প্রদান করা হয়।

২। ১০/০৪/২০১৬ তারিখে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সংক্রান্ত তাঁদের একটি নীতিমালা প্রণয়নের উদ্দেশ্যে কোষাধ্যক্ষ এবং রেজিষ্ট্রার সমন্বয়ে ০৮(আট) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে। ২০/১০/২০১৬ তারিখে সভা করে খসড়া একটি নীতিমালা নিয়ে কমিটি সদস্যবৃন্দ আলোচনা করেন। সভায় খসড়া নীতিমালার কিছু সংশোধনী অনুমোদিত হয়।

৩। ০৮/১১/২০১৬ তারিখে অনুষ্ঠিত পরবর্তী সভায় কোষাধ্যক্ষকে আহবায়ক এবং রেজিষ্ট্রারকে সদস্য সচিব করে ০৮(আট) সদস্য বিশিষ্ট একটি Trustee Board গঠন করা হয়। সভায় সিদ্ধান্ত হয় যে, নীতিমালা চূড়ান্ত হলে Trustee Board এর অনুমোদন নিতে হবে। তাছাড়া সার্বিক কার্যক্রম গ্রহণে গঠিত ট্রাস্টি বোর্ডের আহবায়ককে ক্ষমতা প্রদান করা হয়। নীতিমালায় যে উদ্দেশ্য/ভূমিকা থাকবে তা ট্রাস্টকে প্রণয়ন করে দেয়ার সিদ্ধান্ত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে ২২/০১/২০১৭ তারিখে আনুষ্ঠানিকভাবে ট্রাস্ট নীতিমালার ''উদ্দেশ্য/ভূমিকা'' সূত্রের স্মারকে রেজিষ্ট্রার বরাবরে প্রেরণ করা হয়। এরপর কোন অগ্রগতির বিষয়ে ট্রাস্ট অবহিত নয়।

৪। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীতব্য নীতিমালা এখনও চূড়ান্ত হয়নি। এতে বঙ্গবন্ধু পিএইচডি ছাত্র বৃত্তি কার্যক্রম বাস্তবায়নে বিলম্ব হচ্ছে। উল্লেখ্য যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ''বোর্ড অব ট্রাস্টিজ'' এর চেয়ারম্যান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী। পিএইচডি প্রোগ্রামের এ কার্যক্রমের অগ্রগতি ''বোর্ড অব ট্রাস্টিজ'' এর পরবর্তী সভায় তাঁকে অবহিত করতে হবে।

৫। এমতাবস্থায়, বঙ্গবন্ধু পিএইচডি প্রোগ্রাম বাস্তবায়নের সার্বিক কার্যক্রম জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য সবিনয় অনুরোধ করা হলো।

৩০/৮/১৭
( মোহাম্মদ আজহারুল হক )
(অতিরিক্ত সচিব)
ব্যবস্থাপনা পরিচালক
ফোন ঃ ৯৫৬১৮১৩
e-mail: mdbffwt@yahoo.com

অনুলিপি ঃ

১। রেজিষ্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
'স্বাধীনতা ভবন'
৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
www.bffwt.gov.bd

৪৮.০১.০০০০.৪১৫.০০.০০৮.১৬/ ৮৮৪৭ তারিখ ঃ ৩১/০৮/২০১৭ খ্রিঃ।

কোষাধ্যক্ষ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা।

**বিষয় ঃ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের অর্থায়নে বঙ্গবন্ধু পিএইচডি বৃত্তি কার্যক্রম বাস্তবায়ন।**

সূত্র ঃ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট পত্র নং-৪৮.০১.০০০০.৪১৫.০০.০০৮.১৬/৩৫১৯; তারিখঃ ২২/০১/২০১৭ খ্রিঃ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের উদ্যোগে এবং অর্থায়নে ''বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি নীতিমালা-২০১২'' এর ৭.৩ উপানুচ্ছেদ অনুসারে Board of Trustees এর সিদ্ধান্তের প্রেক্ষিতে মুক্তিযুদ্ধ সম্পর্কে পিএইচডি প্রোগ্রাম চালু করার একটি কার্যক্রম গ্রহণ করা হয়। এ সম্পর্কে ০৯/০১/২০১৬ তারিখে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মধ্যে একটি Memorandum of Understanding (MOU) স্বাক্ষরিত হয়। Memorandum-এ প্রধানতঃ বর্ণিত প্রোগ্রাম বাস্তবায়নে ট্রাস্ট এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দায়িত্বগুলো নির্ধারণ করা হয় ; যেমন, ট্রাস্টকে প্রয়োজনীয় Fund প্রদান এবং দিক নির্দেশনা প্রদান, সংশ্লিষ্ট কাগজপত্র/দলিল দস্তাবেজ প্রদান এবং একজন Contact Person নিয়োগ প্রদান ইত্যাদি। অপর পক্ষে বিশ্ববিদ্যালয়কে ছাত্র-ছাত্রী বাছাই হতে শুরু করে কার্যক্রমটি বাস্তবায়নে যাবতীয় দায়িত্ব প্রদান করা হয়।

২। ১০/০৪/২০১৬ তারিখে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সংক্রান্ত তাঁদের একটি নীতিমালা প্রণয়নের উদ্দেশ্যে কোষাধ্যক্ষ এবং রেজিষ্ট্রার সমন্বয়ে ০৮(আট) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে। ২০/১০/২০১৬ তারিখে সভা করে খসড়া একটি নীতিমালা নিয়ে কমিটি সদস্যবৃন্দ আলোচনা করেন। সভায় খসড়া নীতিমালার কিছু সংশোধনী অনুমোদিত হয়।

৩। ০৮/১১/২০১৬ তারিখে অনুষ্ঠিত পরবর্তী সভায় কোষাধ্যক্ষকে আহবায়ক এবং রেজিষ্ট্রারকে সদস্য সচিব করে ০৮(আট) সদস্য বিশিষ্ট একটি Trustee Board গঠন করা হয়। সভায় সিদ্ধান্ত হয় যে, নীতিমালা চূড়ান্ত হলে Trustee Board এর অনুমোদন নিতে হবে। তাছাড়া সার্বিক কার্যক্রম গ্রহণে গঠিত ট্রাস্টি বোর্ডের আহবায়ককে ক্ষমতা প্রদান করা হয়। নীতিমালায় যে উদ্দেশ্য/ভূমিকা থাকবে তা ট্রাস্টকে প্রণয়ন করে দেয়ার সিদ্ধান্ত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে ২২/০১/২০১৭ তারিখে আনুষ্ঠানিকভাবে ট্রাস্ট নীতিমালার ''উদ্দেশ্য/ভূমিকা'' সূত্রের স্মারকে রেজিষ্ট্রার বরাবরে প্রেরণ করা হয়। এরপর কোন অগ্রগতির বিষয়ে ট্রাস্ট অবহিত নয়।

৪। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীতব্য নীতিমালা এখনও চূড়ান্ত হয়নি। এতে বঙ্গবন্ধু পিএইচডি ছাত্র বৃত্তি কার্যক্রম বাস্তবায়নে বিলম্ব হচ্ছে। উল্লেখ্য যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ''বোর্ড অব ট্রাস্টিজ'' এর চেয়ারম্যান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী। পিএইচডি প্রোগ্রামের এ কার্যক্রমের অগ্রগতি ''বোর্ড অব ট্রাস্টিজ'' এর পরবর্তী সভায় তাঁকে অবহিত করতে হবে।

৫। এমতাবস্থায়, বঙ্গবন্ধু পিএইচডি প্রোগ্রাম বাস্তবায়নের সার্বিক কার্যক্রম জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য সবিনয় অনুরোধ করা হলো।

৩১/৮/১৭

( মোহাম্মদ আজহারুল হক )
(অতিরিক্ত সচিব)
ব্যবস্থাপনা পরিচালক
ফোন ঃ ৯৫৬১৮১৩
e-mail: mdbffwt@yahoo.com

অনুলিপি ঃ

১। রেজিষ্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিস্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর অর্থায়নে এবং শর্তাধীনে মুক্তিযুদ্ধ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভাগসমূহের পিএইচ.ডি গবেষকদের ২টি **"বঙ্গবন্ধু পিএইচ.ডি ছাত্র বৃত্তি"** প্রদান করা হবে। এ লক্ষে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পিএইচ.ডি গবেষকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নির্ধারিত ফরম রেজিস্ট্রারের অফিস(কক্ষ নং-৩২৩) থেকে ১৬/১০/২০১৮ তারিখ পর্যন্ত সংগ্রহ করা এবং জমা দেয়া যাবে।

### বৃত্তির শর্তাবলি ঃ

গবেষণা কর্মটির বিষয়বস্তু ও পরিধি অবশ্যই মুক্তিযুদ্ধ ভিত্তিক হতে হবে। গবেষককে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা/ সামাজিক বিজ্ঞান অনুষদে যে কোন বিভাগে পিএইচ.ডি. প্রোগ্রামে গবেষণারত হতে হবে। পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত যে সকল প্রার্থীদের আবেদন রেজিস্ট্রেশনের জন্য প্রক্রিয়াধীন আছে তাঁরাও এই বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

১. পিএইচ.ডি গবেষণা বৃত্তি সর্বোচ্চ ৩ বছরের জন্য প্রদান করা হবে।
২. গবেষণা বৃত্তি প্রতিমাসে প্রত্যেক গবেষককে ২০ হাজার টাকা এবং গবেষণা কাজে অন্যান্য সহায়তা হিসেবে সর্বোচ্চ ৩৫,০০০/-টাকা প্রদান করা হবে।
৩. পিএইচ.ডি গবেষণা বৃত্তির জন্য আবেদনকারীদের মধ্যে (চাকুরীরত প্রার্থীদেরকে) পূর্ণকালীন ছুটি গ্রহণকারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

রেজিস্ট্রার
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্মারকনং-রেজি/শিক্ষা-১/ ৭৮৭৫৫-৭০

তারিখ: ২৬ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১. ডিন, কলা/ সামাজিক বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়র। (ব্যাপকভাবে প্রচারের অনুরোধসহ)
২. প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, সকল হল ও হোস্টেল, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. ব্যবস্থাপনা পরিচালক, মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, স্বাধীনতা ভবন, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা
৪. পরিচালক, ভাষা শহীদ আবুল বরকত স্মৃতি জাদুঘর ও সংগ্রহশালা, ঢাকা বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, বাংলাদেশের মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক (কল্যাণ), মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, গুলিস্তান কমপ্লেক্স (৭ম তলা), ঢাকা
৭. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।(ব্যাপকভাবে প্রচারের অনুরোধসহ শিক্ষকদের কপি প্রদান করা যেতে পারে)
৮. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।(ব্যাপকভাবে প্রচারের অনুরোধসহ শিক্ষকদের কপি প্রদান করা যেতে পারে)
৯. সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১০. পরিচালক, পাবলিক রিলেশন্স, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১১. সকল ডেপুটি রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১২. ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্যের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৩. ডেপুটি রেজিস্ট্রার, প্রো-উপাচার্যের অফিস (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৪. ডেপুটি রেজিস্ট্রার, প্রো-উপাচার্যের অফিস (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৫. ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৬. সিনিয়র ওয়েব প্রোগ্রামার-কাম-ওয়েব মাস্টার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৭. সহকারী রেজিস্ট্রার, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।

আলোকিত বাংলাদেশ
১৬-০৯-২০১৮

# ঢাবির বিভিন্ন বিভাগে 'বঙ্গবন্ধু পিএইচডি ছাত্র বৃত্তি' দেওয়া হবে

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের অর্থায়নে এবং শর্তাধীনে মুক্তিযুদ্ধ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান বিভাগের পিএইচ ডি গবেষকদের দুটি 'বঙ্গবন্ধু পিএইচডি ছাত্র বৃত্তি' প্রদান করা হবে।

গবেষণার বিষয়বস্তু ও পরিধি অবশ্যই মুক্তিযুদ্ধভিত্তিক হতে হবে। গবেষককে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা/সামাজিক বিজ্ঞান অনুষদে যে কোনো বিভাগে পিএইচ ডি প্রোগ্রামে গবেষণারত হতে হবে। পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত যেসব প্রার্থীর আবেদন রেজিস্ট্রেশনের জন্য প্রক্রিয়াধীন আছে তারাও এ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

পিএইচ ডি গবেষণা বৃত্তি সর্বোচ্চ তিন বছরের জন্য প্রদান করা হবে। গবেষণা বৃত্তি প্রতি মাসে প্রত্যেক গবেষককে ২০ হাজার টাকা এবং গবেষণা কাজে অন্যান্য সহায়তা হিসেবে সর্বোচ্চ ৩৫ হাজার টাকা প্রদান করা হবে। পিএইচ ডি গবেষণা বৃত্তির জন্য আবেদনকারীদের মধ্যে (চাকরিরত প্রার্থীদের) পূর্ণকালীন ছুটি গ্রহণকারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

পিএইচ ডি গবেষকরা রেজিস্ট্রার অফিসের ৩২৩নং কক্ষ থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করে ১৬ অক্টোবর ২০১৮ মঙ্গলবার পর্যন্ত জমা দেওয়া যাবে। সংবাদ বিজ্ঞপ্তি

-৬৪-

Office of the Registrar
University of Dhaka
Dhaka-1000, Bangladesh.
Phone: 9670531, 9661900-59/4020(off)
Fax: +880-2-9667222
E-mail : vcoffice@du.ac.bd
registrar@du.ac.bd

রেজিস্ট্রারের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন : ৯৬৭০৫৩১, ৯৬৬১৯০০/৪০২০(অ)
ফ্যাক্স : ৮৮০-২-৯৬৬৭২২২

স্মারকনং-রেজি/শিক্ষা-১/ ১২৪২

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ
২৯ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
'স্বাধীনতা ভবন'
৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা

কল্যাণ বিভাগ

| | |
|---|---|
| পরিচালক | |
| উপ-মহাব্যবস্থাপক | |
| সংশ্লিষ্ট কর্মকর্তা | |
| প্রশাসন সহকারী | |

জনাব,

মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বঙ্গবন্ধু পিএইচ.ডি. ছাত্র বৃত্তি প্রাপ্ত গবেষক মোঃ আব্দুর রহিম পিএইচ.ডি. প্রোগ্রামে পুনরায় রেজিস্ট্রেশনের অনুমতি লাভ করায় তাঁর পিএইচ.ডি. রেজিস্ট্রেশনের মেয়াদ আরও ৪(চার) বছর বর্ধিত হয়েছে, বিধায় তাঁর বৃত্তি নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে আপনাকে অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,

রেজিস্ট্রার
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারকনং-রেজি/শিক্ষা-১/

তারিখ: জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ
মে, ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। ডিন, কলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২। চেয়ারম্যান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩। সহকারী রেজিস্ট্রার, কোষাধ্যক্ষের দপ্তর, ঢা বি
৪। সংশ্লিষ্ট গবেষক, জনাব মোঃ আব্দুর রহিম, সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢা বি

## বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নির্বাহী কমিটির ৪০তম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আ ক ম মোজাম্মেল হক, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২৫ জানুয়ারি, ২০১৮ বেলা ১১.০০ টা। |
| সভার স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮,মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা। |

সভায় নির্বাহী কমিটির মাননীয় সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা সংযোজনী-'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর আলোচ্যসূচি ভিত্তিক আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্যসূচি-১ : বিগত ২৩/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটি'র ৩৯তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নির্বাহী কমিটি'র ৩৯তম সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে বিধায়, সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্যসূচি-২ : বিগত ২৩/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটি'র ৩৯তম সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাকালে বিগত সভাসমূহের ধারাবাহিক আলোচ্যসূচি ২(ঘ) এর 'খ' ও 'গ' এ বর্ণিত গুলিস্তান কমপ্লেক্স এর বিষয়ে আলোচনাকালে সভাপতির অনুমতিক্রমে উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), গুলিস্তান কমপ্লেক্স সভাকে অবহিত করেন যে, অবশিষ্ট ৮২টি দোকানের চুক্তি সম্পাদনের বিষয়ে ২৪/১২/২০১৭ তারিখ পর্যন্ত সময় বর্ধিত করে তাগিদপত্র দেয়া হয়েছে। সময়সীমা আরও ০২ মাস বর্ধিত করা হলে কাঙ্খিত লক্ষ্য অর্জন সম্ভব হতে পারে। সেপ্রেক্ষিতে আগামী ১৫/০৩/২০১৮ পর্যন্ত দোকান/স্পেস এর চুক্তি সম্পাদনের সময়সীমা বর্ধিত করা হলো।

বিগত সভার আলোচ্যসূচি-৯ এ বর্ণিত গুলিস্তান কমপ্লেক্স এর বেইজমেন্ট-১ ও ২ এর বরাদ্দ/চুক্তিপত্র বাতিল করায় বিদ্যমান Stay Order Vacate করার জন্য আপিল বিভাগে লীভ টু আপিল নং-৪৩০৪/১৭ দায়ের করা হয়। সভাপতি মামলা নিষ্পত্তির বিষয়ে জোরাল প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য নির্দেশ প্রদান করেন।

বিগত সভার আলোচ্যসুচি-৪ এ বর্ণিত চট্টগ্রামস্থ টাওয়ার-৭১ এর নির্মাণ কাজের সময়সীমা বর্ধিত করণের বিষয়ে বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্বিতীয় স্লাবের অর্থাৎ মাসিক ৭৫,০০০/- টাকা জরিমানা আরোপ করে ৩১/০৩/২০১৮ তারিখ পর্যন্ত সময় বর্ধিত করা হয়। মেসার্স মদিনা ডেভেলপমেন্টস ১৬/১১/২০১৭ তারিখে জরিমানা আরোপ না করে যুক্তিসঙ্গতভাবে সময় বর্ধিত করণের জন্য আবেদন করে এবং পূর্বের সিদ্ধান্ত অর্থাৎ জরিমানা আরোপের সিদ্ধান্ত প্রত্যাহারের অনুরোধ জানান। সভাপতি বলেন, বর্ধিত সময়সীমার মধ্যে অর্থাৎ ৩১/০৩/২০১৮ তারিখের মধ্যে নির্মাণ কাজ শেষ করতে হবে। অন্যথায় চুক্তি মোতাবেক সময় বর্ধিত করার সুযোগ থাকলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিগত সভার আলোচ্যসুচি-৭ এ বর্ণিত গুলিস্তান শপিং কমপ্লেক্স ভবনের বিভিন্ন ফ্লোরে স্তুপিকৃত লোহা-লক্কর/স্ক্র্যাপ নির্বাহী ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে তালিকাভূক্ত করণের বিষয়ে ১২/১২/২০১৭ তারিখে জেলা প্রশাসক, ঢাকা-কে পত্র প্রদান করা হয়। সভায় নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের যৌক্তিকতা ব্যাখ্যা করে পুনঃ পত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

বিগত সভার আলোচ্যসুচি-৮ এ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক মেসার্স রহিমা এন্টারপ্রাইজ-কে ট্রাস্টের পক্ষে প্রতিনিধি/এজেন্ট-কে দর বৃদ্ধির বিষয়ে ১০/১২/২০১৭ তারিখে পত্র প্রেরণ করা হলে উক্ত প্রতিষ্ঠান প্রতি কেজি সুপার এনামেল কপার তার ২.০০ (দুই) টাকার স্থলে ২০.০০ (বিশ) টাকা এবং এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাটপিস প্রতি কেজি ১.০০ (এক) টাকার স্থলে ২.০০ (দুই) টাকা করে পুনঃ দরপ্রস্তাব করে এবং ট্রাস্টের প্রতিনিধি নিয়োগের সময়সীমা ৩ হতে ৫ বছর মেয়াদের কথা উল্লেখ করেন। এ প্রসঙ্গে সভাপতি বলেন, মেসার্স রহিমা এন্টারপ্রাইজ-কে আরও দর বৃদ্ধির বিষয়ে আলোচনা করতে হবে। দর বৃদ্ধি সংক্রান্ত যৌথ আলোচনায় বিষয়টি ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক সমন্বয় করবেন।

বিগত সভার আলোচ্যসুচি-৯ এ বর্ণিত "ই-সার্ভিসেস ফর ফ্রিডম ফাইটারস" সফটওয়্যার ডিজাইন ও বাস্তবায়নের বিষয়ে আলোচনাকালে সভাপতি বলেন, অতিসম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়-এর সাথে সমন্বয় করে আইসিটি কার্যক্রম সম্পন্নের জন্য সকল মন্ত্রণালয়কে মৌখিক অনুশাসন প্রদান করেন। তদানুযায়ী প্রস্তাব মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বিগত সভার আলোচ্যসুচি-৪ এ বর্ণিত দেলোয়ার পিকচার্স লিঃ এর বিষয়ে আহবানকৃত দরপত্রে উদৃত দর গ্রহণ না করায় টিইসি'র সুপারিশ গৃহীত হয়।

বিগত সভার আলোচ্যসুচি-৭ এ বর্ণিত তাবানী বেভারেজ কোং লিঃ এর যন্ত্রপাতি/যন্ত্রাংশ/স্পেয়ার পার্টস এর সম্ভাব্য বাজার মূল্য নিরূপণের বিষয়ে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে গঠিত কমিটির সুপারিশ পাওয়ার সাথে সাথে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের নির্দেশনা প্রদান করা হয়।

-07-



<table>
<tr><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr>
<td>১৩। ২০১৬ (৫ম পর্যায়) সনের বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি তালিকা অনুমোদন এবং বঙ্গবন্ধু পিএইচডি কোর্সে মনোনিত ০২ জনের অনুমোদন।</td>
<td>বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর বোর্ড অব ট্রাস্টিজ এর ৬৫তম সভার সিদ্ধান্তের আলোকে বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি চালু করা হয়। বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি নীতিমালা-২০১২ অনুযায়ী প্রথম পর্যায়ে ৫৯৮ জন (২০১৩ সাল), দ্বিতীয় পর্যায়ে ৩৭৯ জন (২০১৪ সাল), তৃতীয় পর্যায়ে ৭৪৩ জন (২০১৫), চতুর্থ পর্যায়ে ৫৮৭ জন (২০১৬ সাল) কে বৃত্তি প্রদান করা হয়। পঞ্চম পর্যায়ে বৃত্তি প্রদানের লক্ষ্যে দু'টি জাতীয় দৈনিক পত্রিকায়, ওয়েবসাইট এবং বাংলাদেশ টেলিভিশনসহ বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেলে ব্যাপক প্রচার করা হলে ৯৫৩টি আবেদন পাওয়া যায়। তন্মধ্যে প্রাথমিক বাছেইয়ে ২০৩টি আবেদনপত্র বাতিল করা হয়। অবশিষ্ট ৭৫০টি আবেদন নির্ধারিত কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ান্তে উপজেলা কোটায় ৩২৯ এবং মেধা কোটায় ২৭২টি সর্বমোট ৬০১টি আবেদনপত্রের খসড়া তালিকা চূড়ান্ত করা হয়।<br><br>বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে সম্পাদিত MoU অনুযায়ী ইতোমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ২ জন যথাক্রমে জনাব মোঃ আব্দুর রহিম, সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-কে পূর্ব বাংলার আর্থ-সামাজিক জীবন ও মুক্তিযুদ্ধ (১৯৪৭-১৯৭১) এবং জনাব মোশারফ হোসেন, রেজিঃ নং- ১৪১/২০১৬-১৭ কে বাংলাদেশের মুক্তিযুদ্ধে কুটনীতিকদের ভূমিকা সংক্রান্ত বিষয়ে পিএইচডি কোর্সে অংশগ্রহণ তথা গবেষক হিসেবে মনোনীত করা হয়েছে। আলোচ্য ২ জনের পিএইচডি কোর্সে প্রতিজনকে মাসিক ২০,০০০/- (বিশ হাজার) টাকা হারে ৩ বছরের জন্য প্রতি জনকে খরচ প্রদান করতে হবে। এছাড়া থিসিস জমাদানের জন্য প্রত্যেককে এককালীন ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা প্রদান করতে হবে। নির্বাচিতদের ঢাকায় একটি অনুষ্ঠানের মাধ্যমে বৃত্তি বিতরণের জন্য সংসদীয় স্থায়ী কমিটির সভায় সিদ্ধান্তের বিষয়ে আলোচনা হয়।</td>
<td>(১) বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি পঞ্চম পর্যায় (২০১৬) এর জন্য যাচাই-বাছাই কমিটি কর্তৃক মনোনীত ৬০১ জনকে প্রচলিত নিয়মে বৃত্তি প্রদানের বিষয়টি অনুমোদিত।<br><br>(২) ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত ২ জনকে পিএইচডি কোর্সে অংশগ্রহণসহ প্রস্তাবিত ব্যয় নির্বাহের বিষয়টি অনুমোদিত।<br><br>(৩) মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ঢাকায় তাঁর কার্যালয়ে একটি অনুষ্ঠানের মাধ্যমে বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি বিতরণ করা যায় কিনা এ বিষয়ে সভাপতি ও মাননীয় মন্ত্রীর সহযোগিতা কামনা করা হয়।</td>
<td>ব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট</td>
</tr>
<tr>
<td>১৪। বিবিধ-(১)।<br>তাবানী বেভারেজ কোং লিঃ এর অবিক্রিত ২টি অকেজো যানবাহন বিক্রয় প্রসঙ্গে।</td>
<td>সভায় তাবানী বেভারেজ কোং লিঃ এর অবিক্রিত ২টি অকেজো যানবাহন বিক্রয়ের বিষয়ে ৩ বার টেন্ডার আহ্বান করা হয়। ২টি যানবাহনের জন্য ৩টি টেন্ডারে প্রাপ্ত দরের চিত্র নিম্নরূপঃ
<table>
<tr><th>গাড়ীর ধরণ ও রেজিঃ নম্বর</th><th>সম্ভাব্য মূল্য</th><th>১ম টেন্ডারে প্রাপ্ত দর</th><th>২য় টেন্ডারে প্রাপ্ত দর</th><th>৩য় টেন্ডারে প্রাপ্ত দর</th></tr>
<tr><td>টাটা ট্রাক-৫ টনি ঢাকা-মেট্রো-উ-১১-০০৪৫</td><td>৩,২৭,০০০/-</td><td>-</td><td>১,৮০,০০০/-</td><td>-</td></tr>
<tr><td>টয়োটা মাইক্রোবাস ঢাকা-মেট্রো-চ-৫১-২৩৮৪</td><td>১,৬৩,০০০/-</td><td>৩,১৩,৭০৭/-</td><td>-</td><td>-</td></tr>
</table>
টয়োটা মাইক্রোবাস ঢাকা-মেট্রো-চ-৫১-২৩৮৪ এর জন্য দরপ্রস্তাবকারীর দর সন্তোষজনক হলেও তিনি গাড়ী সরবরাহ নিতে অপারগতা প্রকাশ করেন। পরবর্তীতে ২য় ও ৩য় টেন্ডারে উক্ত গাড়ীটির জন্য কোন দর পাওয়া যায়নি।</td>
<td>প্রস্তাবিত দর সম্ভাব্য বাজার মূল্যের চেয়ে কম এবং পূর্বে আহ্বানকৃত টেন্ডারে প্রাপ্ত দরের চেয়ে কম হওয়ায় পুনঃ টেন্ডার আহ্বান করতে হবে।</td>
<td>ব্যবস্থাপনা পরিচালক<br>বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট</td>
</tr>
</table>